

ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের জ্ঞাতব্য

- * কলেজের উচ্চ মাধ্যমিক শ্রেণির প্রত্যেক ছাত্র-ছাত্রীকে নির্ধারিত পোশাকে পরিচয়পত্রসহ কলেজে আসতে হবে।
- * ভর্তি ফরমে উল্লিখিত মোবাইল নম্বরটি কোনভাবেই অত্র কলেজে শিক্ষাকালীন অবস্থায় পরিবর্তন করা যাবে না।
- * কলেজ চত্বরে ছাত্র-ছাত্রীরা মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না।
- * শিক্ষার্থীদের ন্যূনতম ৭৫% ক্লাসে উপস্থিত থাকতে হবে। ৭৫% এর কম উপস্থিত শিক্ষার্থীকে কোনভাবেই পরীক্ষার ফরম পূরণের সুযোগ দেয়া হবে না।
- * শিক্ষার্থীদের ন্যূনতম ৮০% ব্যবহারিক ক্লাসে উপস্থিত থাকতে হবে।
- * একাদশ শ্রেণির পরীক্ষায় কৃতকার্য না হলে দ্বাদশ শ্রেণিতে উন্নীত করা হবে না, দ্বাদশ শ্রেণির পরীক্ষায় অকৃতকার্য কোন পরীক্ষার্থীকে বোর্ডের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- * ভর্তির প্রথম সপ্তাহ থেকে ব্যবহারিক ক্লাস শুরু হবে।
- * প্রতিটি অধ্যায় শেষে MCQ/ লিখিত পরীক্ষা নেয়া হবে। কোন একটি পরীক্ষায় অংশগ্রহণ না করলে শিক্ষার্থীর মোট উপস্থিতি থেকে ৫টি উপস্থিতি কর্তন করা হবে।
- * নিয়মিত ক্লাস টেস্ট নেয়া হবে এবং ক্লাস টেস্টের প্রাপ্ত নম্বর একাদশ ও দ্বাদশ শ্রেণির অভ্যন্তরীণ সকল পরীক্ষায় যুক্ত হবে।
- * অভ্যন্তরীণ ৫টি পরীক্ষার একত্রে মূল্যায়ন শীট থাকবে যা অভিভাবককে অবহিত করা হবে।
- * ছাত্র-ছাত্রীদের প্রত্যেক পরীক্ষার পূর্বে বেতন ও অন্যান্য ফি হালনাগাদ পরিশোধ করে প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে।
- * কোন ছাত্র-ছাত্রী কলেজের শৃঙ্খলা পরিপন্থী কোন কাজ করলে কর্তৃপক্ষ বহিষ্কারসহ আইনানুগ যে কোন শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবেন।
- * ছাত্ররা স্বাভাবিক চুল কাটিং করে কলেজে আসবে।
- * ছাত্রীরা বিশেষ দিন ব্যাতিরেকে অলংকারাদি/সাজ-সজ্জা করে কলেজে আসতে পারবে না।
- * শিক্ষার্থীরা কলেজ নোটিশ বোর্ড/কলেজ ওয়েব সাইট নিয়মিত ভিজিট করবে।
- * এই প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলা বজায় রাখতে এবং সবচেয়ে ভাল ফলাফল করতে সকল ছাত্র-ছাত্রীর প্রচেষ্টা ও অভিভাবকবৃন্দের সহযোগিতা আমাদের কাম্য।
- * সম্মানিত অভিভাবকবৃন্দ আপনাদের স্নেহের সন্তান আমাদের প্রতিষ্ঠানে একটা নির্দিষ্ট সময় পর্যন্ত অবস্থান করে, বাকি সময়টা আপনাদের সান্নিধ্যে থাকে। সে সময়টা যেন সন্তানরা যথাযথ কাজে লাগায়, সেদিকে আপনাদের তীক্ষ্ণদৃষ্টি প্রত্যাশা করছি।
- * ধর্মীয় অনুষ্ঠানাদি চন্দ্রমাসের উপর নির্ভরশীল হওয়ায় উল্লিখিত ছুটির তারিখ পরিবর্তন হতে পারে। * পরীক্ষার সম্ভাব্য সময়সূচি পরিবর্তন হলে www.govssc.edu.bd সাইটে জানিয়ে দেওয়া হবে।